রিয়াজুল কুরআন মডেল মাদরাসা

শ্রেণিঃ **দ্বিতীয়** *বিষয়ঃ* **গণিত** *বিষয় শিক্ষকঃ* **নুরুন্নাহার লিপি**

লেসন নং ১৭

ধারাপাত ও গণিত শেখা বই : পৃষ্ঠা (২৭ ও ২৮)

১। গুণ কর : ক.৪×৪=১৬ খ.১৩×৩= গ.১২×৫= ঘ.১৫×২=

পৃষ্ঠা ২৭ (পাশাপাশি গুন, উপর নিচের গুণ ,খালি ঘর পূরণ)।

২। গুণ সংক্রান্ত সমস্যার সমাধান করো।

ক.১ ডিমের দাম ৭ টাকা হলে ৭ টি ডিমের দাম কত?

সমাধান :

১ টি ডিমের দাম ৭ টাকা

:.৭॥ ॥ ॥ (৭×৭)।।

=৪৯ টাকা

উত্তর :৪৯ টাকা

খ. একটি ঝুড়িতে ২৫ টি আম আছে। প্রতিটি আমের দাম ৮ টাকা হলে, ওই ঝুড়ির আমের দাম কত?

সমাধান :

১ টি আমের দাম ৮ টাকা

:.২৫।। ॥ ॥ (২৫×৮)।।

=২০০।।

উত্তর :.২০০ টাকা

গ. লিমনের ২৫টি বই আছে। প্রতিটি বইয়ের দাম ৬৪ টাকা। লিমনের বইগুলোর মোট দাম কত হবে?

সমাধান :

১ টি বইয়ের দাম ৬৪ টাকা

:.২৫।।॥ ॥ ॥ (৬৪×২৫) ॥

=১৬০০ ॥

উত্তর :১৬০০ টাকা।

পৃষ্ঠা ২৮ এর (১ থেকে ১৫)

লেসন নং ১৮ ও ১৯

ধারাপাত গণিত শেখা বই (পৃষ্ঠা ২৯ ও ৩০) ভাগ

শিখন উদ্দেশ্য

১.ভাগের ধারণা বোঝা।

২.ভাগের অংক সঠিকভাবে করতে পারা।

৩.ভাজ্য, ভাজক, ভাগফল, ভাগশেষ চিনতে পারা।

৪. দৈনন্দিন জীবনে ভাগের ব্যবহার বুঝতে পারা।

এ লেসন থেকে আমরা শিখব :

১। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লিখ।

ক.ভাগ কাকে বলে?

উত্তর :কোন একটি বড় সংখ্যা হতে অন্য একটি ছোট সংখ্যা কতবার বিয়োগ করা যায় তা সংক্ষেপে বের করার নিয়মকে ভাগ বলে।

খ. ভাগের চিহ্ন কি?

উত্তর :ভাগের চিহ্ন [÷]

গ.ভাগের সূত্রটি লিখ।

উত্তর : ভাজ্য ÷ভাজক =ভাগফল +ভাগশেষ

ঘ.ভাজ্য কাকে বলে?
উত্তর :ভাগ অংকে যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে ভাজ্য বলে।
ঙ.ভাজক কাকে বলে?
উত্তর :ভাগ অংকের যে সংখ্যা দিয়ে ভাগ করা হয় তাকে ভাজক বলে।
চ.ভাগফল কাকে বলে?
ছ.দুটি সংখ্যা ভাগ করে যে ফল পাওয়া যায় তাকে ভাগফল বলে।
জ.ভাগ করার পর কোন সংখ্যা থেকে গেলে তাকে অবশিষ্ট বা ভাগশেষ বলে।
২। ভাগ কর।
ক.৯÷৩=৩ খ.৫০÷৫=১০ গ.৭২÷৯=৮
পৃষ্ঠা নং ২৯ এর (পাশাপাশি ভাগ এবং উপর নিচে ভাগ)
৩ ।ভাগ সংক্রান্ত সমস্যার সমাধান।
ক.৪ টি লেবুর দাম ২০ টাকা হলে ১ টিলেবুর দাম কত?
সমাধান :
৪ টি লেবুর দাম ২০ টাকা
:.১ টি ॥ ॥ (২০÷৪)।।
=৫ টাকা
উত্তর :৫ টাকা
খ.৬ জনকে ৫৪ টাকা সমান করে ভাগ করে দেওয়া হলো।এতে প্রতেকে কত টাকা করে পেল।
সমাধান :
৬ জনে পায় ৫৪ টাকা
:.১॥ ॥ (৫৪÷৬)॥
=৯ টাকা
উত্তর: ৯ টাকা
ধারাপাত ও গণিত শেখা বই এর পৃষ্ঠা ৩০ এর(১—-৫ , ১০ —১৫)

লেসন নং ২০

প্রাথমিক গণিত, অধ্যায় ৪ (জ্যামিতিক আকৃতি ও প্যাটার্ন ও জ্যামিতিক সংজ্ঞা)
শিখন উদ্দেশ্য :
এ লেসন থেকে আমরা যা শিখব
১। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লিখ।
ক.জ্যামিতি কি?
উত্তর :গণিত শাস্ত্রের যে শাখায় ভূমির পরিমাপ সম্পর্কে যাবতীয় বিষয়সমূহ আলোচনা করা হয় তাকে জ্যামিতি বলে।
খ. জ্যা অর্থ কি?
উত্তর : জ্যা অর্থ ভূমি।
গ.মিতি অর্থ কি?
উত্তর :মিতি অর্থ পরিমাপ।
ঘ.জ্যামিতিক আকৃতি কি?
উত্তর :বিন্দু, রেখা ও রেখাংশের সমন্বয়ে তৈরি বিভিন্ন আকার কে জ্যামিতিক আকৃতি বলে। যেমন: ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্ত ইত্যাদি।
ঙ.প্যাটার্ন কি?
কোন নির্দিষ্ট নকশা, সংখ্যা বা আকৃতির নিয়ম মেনে বারবার সাজানো কে প্যাটার্ন বলে। যেমন ১, ৩, ৫, ৭, ৯ ইত্যাদি বিজোড় সংখ্যার প্যাটার্ন।

চ.ত্রিভুজের আকৃতি কেমন?
উত্তর :তিন কোন আকৃতি
ছ.চতুর্ভুজের আকৃতি কেমন?
উত্তর চার কোনাকৃতি।
জ.বৃত্তের আকৃতি কেমন?
উত্তর :গোলাকৃতি
ঝ.ম্যাচ এর পৃষ্ঠদেশ কেমন?
উত্তর: চারকোনা
ঞ.সমুচার আকৃতি কেমন?
উত্তর :ত্রিভুজাকৃতি।
৩ ।প্যাটার্ন পূরণ কর।
ক.২,৪,৬,-------,------,----
উত্তর :৮,১০,১২।
খ.১,৩,৫,---,------,----
গ.৫,১০,১৫,----,-----,----- ।
ঘ.২০,১৮,১৬,-----,------,----- ।
ঙ.১০,২০,৩০,------,----- ——-।
চ.🔴,🔴,🔵,🔵,🔴,🔴,____,____,__
৪। চিত্রসহ সংজ্ঞা লিখো।
ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্ত।
লেসন ১৬ এ দেওয়া আছে।